

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৬৮, শুধু খুৎবা প্রদান বা শুধু সালাত আদায়ের সময় পাগড়ি ব্যবহার করা কেমন?

রাসূলুল্লাহ (সা.) অধিকাংশ সময় পাগড়ি পরতেন। কিন্তু শুধু সালাতের সময় এটা পরতেন এবং অন্য সময় তা খুলে ফেলতেন এমনটি কখনো করেননি। বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ মুহাদ্দিস আল্লামা নাসির উদ্দিন আলবানী (র.) তার রচিত ফাতাওয়া গ্রন্থ আল-আজউয়ীবা নাফেয়া আল আইলাতি লাজনাতি মাসৃজিদিল জামেআ'-এর ৬৭ পৃষ্ঠায় উল্লেখ করেছেন যে, শুধুমাত্র খুৎবা দেওয়া বা জুমু'আর সালাত পড়ার সময় পাগড়ি ব্যবহার করা কোন সাওয়াবের কাজ নয়; বরং এটা বিদআত। তাছাড়া পাগড়ি পরে সালাত আদায় করলে ৭০ গুণ বেশি সওয়াব হয় এ মর্মে বর্ণিত হাদীসটি সহীহ নয়; বরং এটা জাল হাদীস অর্থাৎ বানোয়াট কথা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13067

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন